ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

# নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে



প্রিয়াঙ্কার যে ভিডিও ভাইরাল

c‡ 7



অবসর নিলেন ওয়ানডে বিশ্বকাপের সর্বোচ্চ ইনিংসের মালিক গাপটিল

c‡ 8

Digital Media Act No. : DM /34/2021 ● Prgi Application Process No. : T/WB/2024/0617/6991/1130 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/

● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ০১৫ ● কলকাতা ● ০১ মাঘ, ১৪৩১ ● বুধবার ● ১৫ জানুয়ারী ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা

## বাংলাদেশকে কড়া ভাষায় সতর্ক করলেন পুরীর শঙ্করাচার্য



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

বাংলাদেশকে কড়া ভাষায় সতর্ক করলেন পুরীর শঙ্করাচার্য শ্রী নিশ্চলানন্দজি সরস্বতী মহারাজ। গঙ্গাসাগর মেলায় এসে সাংবাদিকদের মুখোমুখি হয়েছিলেন তিনি। ওপার বাংলায় হিন্দুদের উপর লাগাতার অত্যাচারের অভিযোগ প্রসঙ্গে এই আধ্যাত্মিক গুরু কার্যত হুঁশিয়ারির সুরেই বলেন, 'হিন্দুদের উপর আক্রমণ বন্ধ না হলে এর ভয়ঙ্কর ফল ভোগ করতে হবে।'হিন্দু-সংখ্যালঘুদের ওপর আক্রমণে উদ্বিগ্ন ভারত', মোদীর

এরপর ৩ পৃষ্ঠায়


# মহাকুম্ভের আয়োজনে মোদি-যোগীর প্রশংসা পাকিস্তানের



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

**মহাকুম্ভ নগর:** ১৪৪ বছরের পুণ্যতিথি! উত্তরপ্রদেশের প্রয়াগরাজে শুরু হয়েছে মহাকুম্ভ। বিশ্বের সবথেকে বড় এই ধর্মীয় সমাবেশে লক্ষ লক্ষ ভক্ত সমাগম হয়েছে। ১৩ জানুয়ারি থেকে শুরু হওয়া এই মেলা চলবে ২৬ ফেব্রুয়ারি পর্যন্ত। মহাকুম্ভের আয়োজনে কোনও ত্রুটি রাখেননি সেরাজ্যের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ।প্রধানমন্ত্রী মোদির 'ডিজিটাল মহাকুম্ভ'-এর স্বপ্ন সার্থক করেছেন মুখ্যমন্ত্রী যোগী। স্বপ্নের বাস্তবায়নে রাজ্যের নতুন প্রতিষ্ঠিত ৭৬তম জেলা 'মহাকুম্ভ নগরে' রেকর্ড সময়ে যাবতীয় নাগরিক পরিষেবা প্রদান করেছেন তিনি। মেলা আয়োজনে ডিজিটাল প্রযুক্তিকে ব্যাপক হারে কাজে লাগানো হয়েছে। যোগী সরকারর তরফে তৈরি করা হয়েছে 'মহাকুম্ভ ল্যান্ড অ্যান্ড ফেসিলিটি অ্যালোকেশন' অ্যাপ। সেখানে এক ক্লিকেই জানা যাচ্ছে পুণ্যার্থীদের

এরপর ৩ পাতায়






# সুবর্ণরেখায় মকর সংক্রান্তি উপলক্ষে পূণ্যার্থীদের ঢল, অপ্রীতিকর ঘটনা এড়াতে চলছে পুলিশের মাইকিং




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

গ্রাম বাংলা মানুষের তথা জঙ্গলমহল বাসির ঐতিহ্যবাহী পরব মকর পরব।পৌষ সংক্রান্তির সকাল থেকেই মকরস্নানের জন্য জেলার বিভিন্ন এলাকা থেকে আসা কয়েক হাজার মানুষ ভিড় জমিয়েছিলেন গোপীবল্লভপুর ২ নং ব্লকের সুবর্ণরেখা নদীর তীরে। কিন্তু ঘন কুয়াশার দাপট মকরস্নানে বাধা হয়ে দাঁড়ায়। তাতে হয়রানিতে পড়তে হয়েছে বৃদ্ধ-বৃদ্ধাদের। মঙ্গলবার মকর সংক্রান্তির সকালে অপ্রীতিকর ঘটনা এড়াতে বেলিয়াবেড়া থানার ওসি সুদীপ পালোধীর নেতৃত্বে থানা এলাকার সুবর্ণরেখা নদীর চোরমন্ডি, কুঠিঘাট সহ একাধিক নদী ঘাটে কড়া নজরদারি চালানো হয়। সেইসঙ্গে প্রশাসনের পক্ষ থেকে মাইকিং করা হয়। মকর স্নানে আসা পুন্যার্থীদের গভীর জলে নামতে বারণ করা হয় পুলিশের পক্ষ থেকে। বেলিয়াবেড়া থানার সুবর্ণরেখা নদীর বিভিন্ন ঘাটে পুণ্য স্নানের জন্য ভিড় জমিয়েছেন কয়েক হাজার পুণ্যার্থী। পুণ্যার্থীদের কোনরকম অসুবিধা যাতে না হয় তার জেরে পুলিশের পক্ষ থেকে সব রকম সহায়তা করা হচ্ছে বলে পুলিশের পক্ষ থেকে জানা গেছে।

# ৩.৫ কোটিরও বেশি আবেদনের নজির গড়ে অষ্টম পরীক্ষা পে চর্চার নিবন্ধন প্রক্রিয়া শেষ হল

**নয়াদিল্লি, ১৪ জানুয়ারি, ২০২৫**

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর অন্যতম উদ্যোগ পরীক্ষা পে চর্চার জন্য নিবন্ধন প্রক্রিয়া শেষ হয়েছে। অষ্টম পর্বে রেকর্ড ৩.৫ কোটিরও বেশি শিক্ষার্থী, শিক্ষক এবং অভিভাবক এই কর্মসূচিতে অংশগ্রহণের জন্য নাম লিখিয়েছেন। পরীক্ষার চাপ কমানো এবং মানসিক স্থিতি বজায় রাখার এই উদ্যোগ প্রকৃত অর্থেই জন-আন্দোলনে পরিণত হয়েছে।

অনলাইন নিবন্ধন প্রক্রিয়া MyGov.in পোর্টালে শুরু হয় ঠিক একমাস আগে ১৪ ডিসেম্বর। শিক্ষা মন্ত্রকের আওতাধীন বিদ্যালয় শিক্ষা ও সাক্ষরতা দপ্তরের এই কর্মসূচির সপ্তম পর্বের মূল অনুষ্ঠানটি হয়েছিল নতুন দিল্লির ভারত মণ্ডপমে।

পরীক্ষা পে চর্চার অঙ্গ হিসাবে

এরপর ৩ পাতায়

# কলকাতা লাগোয়া বাঘাযতীন এলাকায় ভেঙে পড়ল বহুতল



**বেবি চক্রবর্তী: কলকাতা**

কলকাতা লাগোয়া বাঘাযতীন এলাকায় ভেঙে পড়ল বহুতল। মঙ্গলবার দুপুরে এই ঘটনায় বাঘাযতীনের বিদ্যাসাগর কলোনি এলাকায় তুমুল চাঞ্চল্য ছড়িয়েছে। ভেঙে পড়া বাড়িটির চাপে আরও ২টি বাড়ি হেলে গিয়েছে। যার জেরে আটকে পড়েন প্রায় ১৫০ জন। ঘটনায় বাড়িগুলির ২ - ৩ জন আহত হয়েছেন বলে জানা গিয়েছে।মঙ্গলবার দুপুরে কলকাতা পুরসভার ৯৯ নম্বর ওয়ার্ডের বিদ্যাসাগর কলোনি এলাকার একটি বাড়ি ভেঙে পড়ে।স্থানীয় কাউন্সিলর মিতালি বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন। বাড়িটিতে বেশ কিছুদিন ধরে ফাটল দেখা যাচ্ছিল। সেজন্য পুরসভাকে কিছু না জানিয়েই বাড়িটি মেরামতির কাজ করছিলেন প্রোমোটার। বিষয়টি দিন সাতেক আগে আমার নজরে আসে। আমি নির্মাণকর্মীদের কাছে জানতে চাই এই বাড়ির বাসিন্দারা কোথায়? তাঁরা জানান, তাঁদের অন্যত্র স্থানান্তর করা হয়েছে। এর পর আমি সেখানে কাজ বন্ধ করতে বলে প্রোমোটারকে আমার সঙ্গে দেখা করতে বলি। মিতালিদেবী জানান, তার পর থেকে কাজ বন্ধ ছিল। কিন্তু আমি পৌষ পার্বন অনুষ্ঠানে ব্যস্ত হয়ে পড়ায় বিষয়টি নিয়ে আর খোঁজ নেওয়া হয়নি। প্রোমোটার আমার সঙ্গে এখনও দেখা করেননি। এরই মধ্যে দুপুরে খবর পাই বাড়িটি ভেঙে পড়েছে।'

এলাকার প্রাক্তন বাম কাউন্সিলর দেবাশিস মুখোপাধ্যায় বলেন, ওই বাড়িটি মিতালিদেবীর আমলে তৈরি। ওখানে ৩ তলার বেশি উঁচু বাড়ি তৈরি করা যায় না। অপরিকল্পিতভাবে ওই বাড়িটি তৈরি হয়েছিল।'

স্থানীয়রা জানিয়েছেন, বেশ কিছুদিন ধরে বাড়িটি ধীরে ধীরে হেলে পড়ছিল। এর পর প্রোমোটার বিশেষজ্ঞদের এনে বাড়িটিকে ফের সোজা করার চেষ্টা করছিলেন। তখনই ঘটেছে বিপর্যয়।






(১ম পাতার পর)

# মহাকুম্ভের আয়োজনে মোদি-যোগীর প্রশংসা পাকিস্তানের



হয়েছে। মুখ্যমন্ত্রী যোগীর পাশাপাশি মহাকুম্ভের সাফল্যের জন্য দৃঢ় প্রতিজ্ঞাবদ্ধ মুখ্যসচিব মনোজ সিং, ডিজিপি প্রশান্ত কুমার, মিডিয়া উপদেষ্টা মৃত্যুঞ্জয়, মেলা আধিকারিক বিজয় কিরণ, ডিআইজি বৈভব কৃষ্ণ এবং এসএসপি রাজেশ দ্বিবেদী সহ হাজার হাজার কর্মকর্তা। কখনও ঘোড়ার পিঠে চড়ে, কখনও বাইকে সওয়ার হয়ে মেলায় চলছে টহলদারি। চলছে মাইকিংও।

প্রয়োজনের যাবতীয় তথ্য। এই অ্যাপের মাধ্যমেই পরিষেবা মিলছে দ্রুত। মেলায় অংশগ্রহণের আবেদন করা যাচ্ছে অ্যাপেই।নিরাপত্তার চাদরে মুড়ে ফেলা হয়েছে গোটা মেলা প্রাঙ্গন। সাধু-সন্ত, পুণ্যার্থীদের সুরক্ষায় ব্যস্ত কুম্ভের দায়িত্বপ্রাপ্ত পুলিশ আধিকারিকরা। দিনরাত অক্লান্ত পরিশ্রম করছেন তাঁরা। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ও মুখ্যমন্ত্রী যোগীর অনুপ্রেরণায় তাঁদের এই কাজ প্রশংসিত হচ্ছে বিশ্বে। কুর্নিশ জানাচ্ছে নেটদুনিয়াও। প্রশংসা করেছে পাকিস্তানও।

প্রয়াগরাজে গঙ্গা, যমুনা ও সরস্বতীর সঙ্গমস্থলে ৪০ কোটি পুণ্যার্থীর জন্য গড়ে তোলা হচ্ছে এক অস্থায়ী নগরী। ১৫ বর্গমাইল এলাকায় গড়ে তোলা সেই অস্থায়ী নগরীর আয়তন নিউইয়র্ক নগরের ম্যানহাটান বরো এলাকার দুই-তৃতীয়াংশ। মুখ্যমন্ত্রীর যোগীর নজরদারিতে এবারে মেলায় বাড়ছে স্টলের সংখ্যাও। ২০১৯-এর মেলায় যেখানে ৫৫০০টি স্থান দেওয়া হয়েছিল সাধুদের আখড়া ও অনন্যা সংস্থা, পরিষেবার জন্য। সেখানে এবার তা দেওয়া হচ্ছে ১০ হাজার আখড়া, এবং সরকারি ও বেসরকারি পরিষেবা সংস্থাকে।

ভক্তরা যাতে ভক্তি ভরে স্নান, পূজা-অর্চনা করতে পারেন তার জন্য সমস্ত রকম ব্যবস্থা রাখা চলছে টহলদারি।

এবারে ডিজিটাল মহাকুম্ভের মাধ্যমে ভারতের আধ্যাত্মিক ও ঐশ্বরিক দর্শন, ভক্তের ভক্তি, পবিত্রতা বিশ্বের যেকোনও মানুষ দেখতে পাবেন। মহাকুম্ভের প্রতিটি সংবাদ সারা বিশ্বের কাছে পৌঁছে দেওয়ার জন্য একটি আন্তর্জাতিক স্তরের মিডিয়া সেন্টার তৈরি করা হয়েছে। যেখানে দেশ-বিদেশ থেকে আসা ইলেকট্রনিক এবং প্রিন্ট মিডিয়ার সাংবাদিকদের জন্য সমস্ত ধরনের সুবিধা রাখা হয়েছে। কম্পিউটার থেকে ইন্টারনেট রয়েছে সব কিছুই। সব মিলিয়ে মহাকুম্ভের এই আয়োজন ও মোদি-যোগীর সংকল্প গোটা বিশ্বে ছড়িয়ে পড়েছে।

(১ম পাতার পর)

# বাংলাদেশকে কড়া ভাষায় সতর্ক করলেন পুরীর শঙ্করাচার্য

স্বাধীনতা দিবসের ভাষণে বাংলাদেশ প্রসঙ্গ যে হিন্দুরা অত্যাচার সহ্য করেও রুখে দাঁড়িয়েছেন, তাঁদের সাধুবাদ জানান শ্রী নিশ্চলানন্দজি সরস্বতী মহারাজ। সম্মান এবং সৌভ্রাতৃত্ববোধ বজায় রাখার আহ্বান জানিয়েছেন তিনি। মুসলিমদের কাছে আর্জি রেখেছেন, হিন্দু-বিদ্বেষ বন্ধ করার। নয়তো ফল ভুগতে হবে বলেও সতর্ক করেছেন তিনি।দুই ধর্মীয় গোষ্ঠীর মধ্যে হিংসা-হানাহানির মনোভাব নয়, বরং পারস্পারিক সম্মান প্রদর্শন করা উচিত বলেই মনে করছেন পুরীর শঙ্করাচার্য। তিনি বলেন, 'বাংলাদেশ অসহিষ্ণুতা দেখাচ্ছে। হিন্দুদের উপর যদি আক্রমণ হতে থাকে, যদি ওই দেশ থেকে সংখ্যালঘুদের তাড়ানো হয় তবে এর ফল ওদেরও ভোগ করতে হবে। যেখানে মুসলিমরা সংখ্যালঘু সেখানে তাঁদের সঙ্গে কী হবে ভেবে দেখেছেন?' দুই দেশের ঐতিহ্যের কথা স্মরণ করিয়ে দেন পুরীর শঙ্করাচার্য। বাংলাদেশ, শ্রীলঙ্কা এবং মায়ানমার আগে ভারতেরই অন্তর্ভুক্ত ছিল, সে কথাও মনে করান তিনি। শ্রী নিশ্চলানন্দজি সরস্বতী মহারাজের কথায়, 'মুসলিমদের জানা উচিত তাঁদের অনেক বংশধরই আগে হিন্দু ছিলেন এবং পরবর্তীতে ধর্মান্তরিত হন।"

(২ পাতার পর)

# ৩.৫ কোটিরও বেশি আবেদনের নজির গড়ে অষ্টম পরীক্ষা পে চর্চার নিবন্ধন প্রক্রিয়া শেষ হল

১২ জানুয়ারি ২০২৫, জাতীয় যুব দিবস থেকে আরও নানা কর্মসূচির আয়োজন করা হয়েছে। ২৩ জানুয়ারি নেতাজী সুভাষ চন্দ্র বসুর জন্মজয়ন্তী পর্যন্ত এর আওতায় দেশীয় খেলাধূলা, ম্যারাথন, মিম প্রতিযোগিতা, পথ-নাটিকা, যোগাভ্যাস, পোস্টার তৈরির প্রতিযোগিতা ইত্যাদির আয়োজন করা হচ্ছে।

# বৈদ্যুতিন ও তথ্য প্রযুক্তি মন্ত্রকের ভাষিণী প্রয়াগরাজে মহাকুম্ভে ১১টি ভাষায় তথ্য পরিবেশন করছে

**নতুন দিল্লি, ১৪ জানুয়ারি ২০২৫**

প্রয়াগরাজে ১৩ জানুয়ারি থেকে ২৬ ফেব্রুয়ারি পর্যন্ত চলা মহাকুম্ভে কেন্দ্রীয় বৈদ্যুতিন ও তথ্য প্রযুক্তি মন্ত্রক প্রযুক্তিগত সহায়তা প্রদান করেছে। এর অঙ্গ হিসেবে বহু ভাষায় তথ্য পরিবেশনের জন্য ভাষিণীর ব্যবহার করা হচ্ছে।

হারানো প্রাপ্তির ক্ষেত্রে ডিজিটাল সহায়তা :

হারানো প্রাপ্তির ক্ষেত্রে ডিজিটাল সহায়তার জন্য ভাষিণী অনুবাদ অ্যাপের ব্যবহার করা হচ্ছে।

**১. বিভিন্ন ভাষায় সহায়তা :**

ক) হারানো সামগ্রী নিজের ভাষায় নথিভুক্ত করার সুযোগ

খ) সহজে যোগাযোগের জন্য তৎক্ষণাৎ লিপি/ বার্তার অনুবাদ

**২. চ্যাটবট সহায়তা :** বিভিন্ন প্রশ্নের উত্তরের জন্য বহু ভাষায় চ্যাটবট

**৩. মোবাইল অ্যাপ/কিয়স্ক সংযুক্তি :** স্থানীয় ভাষায় নির্দেশিকার অনুবাদ

**৪. পুলিশের সহায়তা :** আধিকারিকদের সঙ্গে সহজে যোগাযোগের সুবিধা

**কুম্ভ সহায়ক চ্যাটবট –**

মহাকুম্ভে আসা লক্ষ লক্ষ তীর্থযাত্রীর সুবিধার জন্য প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী এই কৃত্রিম মেধাসম্পন্ন বহুভাষী চ্যাটবটের সূচনা করেছেন। এর মাধ্যমে দর্শনার্থীদের প্রয়োজনীয় তথ্য ও দিকনির্দেশ দেওয়া হচ্ছে। ভাষিণীর সাহায্যে হিন্দি, ইংরেজি সহ ১১টি ভাষায় তথ্য পাওয়া যাচ্ছে।

**ইউপি-১১২ জরুরী হেল্পলাইন –**

মহাকুম্ভে আসা তীর্থযাত্রীরা যেকোন রকম সহায়তার জন্য উত্তরপ্রদেশ পুলিশের জরুরী হেল্পলাইন ১১২-তে যোগাযোগ করতে পারেন। এতে ভাষিণী অ্যাপের সাহায্যে বিভিন্ন ভাষায় কথা বলা যাবে।

## সম্পাদকীয়

### ওড়িশার ময়ূরভঞ্জ জেলায় বেশ কয়েকটি দুগ্ধ উৎপাদন ও প্রাণীসম্পদ উদ্যোগের উদ্বোধন করলেন রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মুর্মু

মাননীয় রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মুর্মু ১৩ জানুয়ারি ভার্চুয়াল মাধ্যমে ওড়িশার ময়ূরভঞ্জে বেশ কয়েকটি দুগ্ধোৎপাদন ও প্রাণীসম্পদ উদ্যোগের উদ্বোধন করেছেন। কেন্দ্রীয় পশুপালন, মৎস্যচাষ ও দুগ্ধ উৎপাদন মন্ত্রকের এই উদ্যোগগুলি গ্রামীণ এলাকায় জীবিকার সংস্থানের পাশাপাশি, পুষ্টিকর খাদ্যের চাহিদা মেটাবে।

এই উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় মৎস্যমন্ত্রী শ্রী রাজীব রঞ্জন সিং, শিক্ষামন্ত্রী শ্রী ধর্মেন্দ্র প্রধান, ওড়িশার মুখ্যমন্ত্রী শ্রী মোহন চরণ মানঝি প্রমুখ।

রাষ্ট্রপতি রাষ্ট্রীয় গোকুল অভিযানের আওতায় গবাদি পশু পরিচর্যা কর্মসূচিরও সূচনা করেছেন। এর আওতায় ময়ূরভঞ্জে নির্বাচিত সুবিধাপ্রাপকদের জিনগত উৎকর্ষে বলীয়ান ৩ হাজার গবাদি পশু দেওয়া হচ্ছে। এই অনুষ্ঠানের অঙ্গ হিসেবে গিফট মিল্ক কর্মসূচিরও সূচনা হয়েছে। এর লক্ষ্য, শিশুদের অপুষ্টি দূর করা। কর্মসূচিটির আওতায় ময়ূরভঞ্জ জেলার ১,২০০ স্কুল পড়ুয়ার জন্য ভিটামিন-এ ও ডি সমৃদ্ধ ২০০ এমএল দুধের সংস্থান করা হবে। দুধের বিপণনে গতি আনতে রাষ্ট্রপতি এ সংক্রান্ত একটি সহায়তা কর্মসূচিরও সূচনা করেন। এক্ষেত্রে দৈনিক ৫ লক্ষ লিটার থেকে বাড়িয়ে ১০ লক্ষ লিটার দুধ কেনার লক্ষ্যমাত্রা রাখা হয়েছে।

ভাষণে রাষ্ট্রপতি বলেন, বিগত দশকে ভারতে দুধ উৎপাদন বার্ষিক ভিত্তিতে ৬ শতাংশ হারে বেড়েছে – যা সারা বিশ্বের গড়ের তুলনায় বেশি। দুগ্ধ উৎপাদন ও প্রাণীসম্পদ ব্যবস্থাপনাকে জোরদার করতে প্রযুক্তির প্রয়োগের কথা বলেন রাষ্ট্রপতি।

## আদিশক্তি



মৃত্যুঞ্জয় সরদার
(নবম পর্ব)



এতই জাগ্রত হন তাহলে লোহার পুতুল বলি দাও। একসময় কালীঘাটে প্রচুর পশুবলি হতো। ব্রাহ্মণ বললেন ঠিক আছে তাই হবে। লোহার তৈরি পুতুলই এই মন্দিরের যূপকাষ্ঠে বলি হবে। তাই হল। এবং আশ্চর্যজনক ভাবে নাকি লোহার তৈরি পুতুলকেই বলি দেয়া হয়েছিল। এই গল্প মানুষের মুখে মুখে ঘোরে আজও। এরপর থেকেই নাকি ইংরেজরাও নিয়মিত যেতেন কালীঘাটে পুজা দিতে। পঞ্জাব ও বার্মা দখলের পরও ইস্ট ইন্ডিয়া কোম্পানির পক্ষ থেকে এই মন্দিরে ষোড়শ উপাচারে পুজো দেওয়া হয়েছিল কোম্পানির খরচায়।তবে

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

## জাতীয় হরিদ্রা পর্ষদের উদ্বোধন করলেন কেন্দ্রীয় বাণিজ্য ও শিল্পমন্ত্রী শ্রী পীযূষ গোয়েল

নতুন দিল্লি, ১৪ জানুয়ারি ২০২৫ নতুন দিল্লিতে আজ জাতীয় হরিদ্রা পর্ষদের উদ্বোধন করলেন কেন্দ্রীয় বাণিজ্য ও শিল্পমন্ত্রী শ্রী পীযূষ গোয়েল। এর সদর দপ্তর তৈরি হয়েছে নিজামাবাদে।

এই পর্ষদে হলুদ উৎপাদক ও রপ্তানিকারকদের প্রতিনিধিদেরও অন্তর্ভুক্ত করা হবে এবং বিভিন্ন মন্ত্রকের প্রতিনিধিত্ব থাকবে বলে শিল্পমন্ত্রী জানিয়েছেন। তিনি আরও বলেন, ‘স্বর্ণাভ মশলা’ বলে পরিচিত হলুদ চাষ হয় মহারাষ্ট্র, তামিলনাড়ু, অন্ধ্রপ্রদেশ, তেলেঙ্গানা, মধ্যপ্রদেশ, মেঘালয় সহ ২০টি রাজ্যে। হলুদ উৎপাদন বাড়ানোর যথেষ্ট সম্ভাবনা রয়েছে। হলুদ থেকে আরও নানা পণ্য উৎপাদনের ক্ষেত্রে গবেষণার প্রসারে উদ্যোগী হবে এই পর্ষদ। পাশাপাশি, এই ধরনের পণ্যের মূল্য সংযোজন এবং বিদেশে বিপণনেও জোর দেওয়া হবে।

শ্রী গোয়েল বলেন, ২০২৩-২৪-এ সারা দেশে ৩.০৫ লক্ষ হেক্টরে হলুদ চাষ হয়েছে এবং ১০.৭৪ লক্ষ টন হলুদ উৎপাদন হয়েছে। সারা বিশ্বের হলুদ উৎপাদনে ভারতের অবদান ৭০ শতাংশ। এ দেশে ৩০ ধরনের হলুদ চাষ হয়। বিশ্বের আঙিনায় হলুদ ব্যবসার ৬২ শতাংশই নিয়ন্ত্রণ করে ভারত। ২০২৩-২৪ অর্থবর্ষে ১.৬২ লক্ষ টন হলুদ এবং হলুদজাত পণ্য রপ্তানি হয়েছে ভারত থেকে।

## শিবরাত্রি ব্রতের ব্যাখ্যা করেন মহাদেব স্বয়ং



-: মৃত্যুঞ্জয় সরদার :-

তারপর নিত্যক্রিয়াদি করবে। অতঃপর স্থণ্ডিলে (যজ্ঞবেদীতে), সরোবরে, প্রতীকে বা প্রতিমায় বিল্বপত্র দিয়ে আমার পূজা করবে। একটি বিল্বপত্র দ্বারা পূজা করলে আমার যে প্রীতি জন্মে, সকল প্রকার পুষ্প একত্র করে কিংবা মণি, মুক্তা, প্রবাল বা স্বর্ণনির্মিত পুষ্প দিয়ে আমার পূজা করলেও, আমার তার সমান প্রীতি জন্মায় না।

ক্রমশঃ

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# লাদাখে মুখোমুখি চীন-ভারত?

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**



ভারত সীমান্তে চোখ রাঙানি বন্ধ করছে না চীন। ফের অ্যাকচুয়াল লাইন অব কন্ট্রোল বা এলএসির কাছে বড় আকারের সেনা মহড়া চালিয়েছে বেইজিং। অত্যাধুনিক সমরাস্ত্র এবং ড্রোন ব্যবহার করেছে চীনের পিপলস লিবারেশন আর্মি (পিএলএ)। পাশাপাশি যুদ্ধের সময়ে দ্রুত রণাঙ্গনে সৈনিকদের কাছে গোলাবারুদ এবং রসদ পৌঁছে দেওয়ার অনুশীলনও করেছে চীন।

প্রতিবছর ১৫ জানুয়ারি ভারতে পালিত হয় আর্মি ডে। এবার তার কয়েক দিন আগে এলএসিতে মহড়া চালিয়েছে চীন। ফলে সময়ের নিরিখে এই মহড়াকে অত্যন্ত তাৎপর্যপূর্ণ বলে উল্লেখ করেছেন প্রতিরক্ষা বিশেষজ্ঞেরা। শুধু তা-ই নয়, লাদাখ সীমান্তের কাছে পিএলএ অফিসার ও জওয়ানেরা কসরত করেছেন।

পিএলএর জিনজিয়াং মিলিটারি কমান্ডের তরফে ওই মহড়ার আয়োজন করা হয়েছিল। এতে শুধু একটি রেজিমেন্টের সেনা অফিসার এবং জওয়ানেরা যোগ দিয়েছেন বলে জানা গিয়েছে। উঁচু পাহাড়ি এলাকায় মহড়া চালান তারা। মহড়ায় খাড়াই ভূখণ্ডে চলাচলের যানবাহন ব্যবহার করেছে চীনা বাহিনী।

চীনের এই মহড়ার খবর পাওয়ার পর এলএসিতে হাই অ্যালার্টে চলে যায় ভারতীয় সেনারা। তবে মহড়া চলাকালীন এলএসির কোনও রকমের আগ্রাসন দেখায়নি পিএলএ। এই ধরনের মহড়ার একাধিক তাৎপর্য রয়েছে বলে মনে করেন প্রতিরক্ষা বিশেষজ্ঞেরা।

বিশ্লেষকদের কথায়, লাদাখের উঁচু পাহাড়ি এলাকায় মহড়া চালিয়ে হিমালয় অঞ্চলের লড়াইয়ে নিজেদের সেনার শক্তি বৃদ্ধি করতে চাইছে চীন। এই এলাকায় পিএলএর অফিসার এবং জওয়ানেরা যে সমস্ত শারীরিক চ্যালেঞ্জের মুখে পড়ছেন, সেটা কাটিয়ে ওঠা চীনা বাহিনীর মূল লক্ষ্য। আগামী দিনে ফের আগ্রাসনের রাস্তায় হাঁটতে পারে বেইজিং। তার আগে সেনাদের সব রকমভাবে তৈরি রাখতে এই পদক্ষেপ নিয়েছে চীন।

২০২৪ সালের ১৮ ডিসেম্বর 'মিলিটারি অ্যান্ড সিকিউরিটি ডেভেলপমেন্টস ইনভলভিং দ্য পিপল্স রিপাবলিক অফ চায়না' শীর্ষক রিপোর্ট প্রকাশ করে আমেরিকার প্রতিরক্ষা সদর দফতর পেন্টাগন। সেখানে বলা হয়েছিল, ২০২০ সালের গলওয়ান সংঘর্ষের পর এলএসি-তে সৈন্য সমাহার মোটেই হ্রাস করেনি বেইজিং। লাদাখ থেকে অরুণাচল পর্যন্ত ৩,৪৮৮ কিলোমিটার বিস্তৃত প্রকৃত নিয়ন্ত্রণরেখায় পিপল্স লিবারেশন আর্মির (পিএলএ) ১ লক্ষ ২০ হাজারের বেশি ফৌজি মোতায়েন রয়েছেন।

## ভারতে পাঁচ বছর ধরে ধর্ষণের শিকার কিশোরী, বাবার বন্ধুসহ অভিযুক্ত ৬৪




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

ভারতের দক্ষিণাঞ্চলীয় কেরালা রাজ্যে ৬৪ জনের বিরুদ্ধে ধর্ষণের অভিযোগ এনেছেন ১৮ বছর বয়সী এক দলিত কিশোরী। অভিযোগে বলা হয়েছে, তাঁর বয়স যখন ১৩ বছর, তখন থেকে তাঁর ওপর যৌন নিপীড়ন শুরু হয়। এরপর টানা পাঁচ বছর ধরে চলেছে এ নিপীড়ন। ধর্ষণের এ ঘটনায় এখন পর্যন্ত ২৮ জনকে গ্রেফতার করেছে পুলিশ। তারা এখন পুলিশি হেফাজতে রয়েছে। বিবিসিকে স্থানীয় পুলিশ জানিয়েছে, অভিযুক্তদের বয়স ১৭ থেকে ৪৭ বছরের মধ্যে। তাদের মধ্যে রয়েছে দলিত ওই নারীর প্রতিবেশী, খেলার কোচ এমনকি তাঁর বাবার বন্ধুরাও। তদন্তে নেমে ৬৪ জনের হদিস পাওয়া গেছে।

সরকারি একটি প্রকল্পের আওতায় কাজ করা পরামর্শকদের (কাউন্সেলর) একটি দল তাঁর বাসায় গেলে ধর্ষণের বিষয়ে মুখ খোলেন কিশোরী। এরপর এ ঘটনায় বিভিন্ন আইনে এখন পর্যন্ত প্রায় ১৮টি মামলা করেছে পুলিশ। ঘটনা তদন্তে ২৫ সদস্যের একটি দল গঠন করা হয়েছে। এ নিয়ে আগামী দিনে আরও মামলা করা হতে পারে।

এনডিটিভির প্রতিবেদনে বলা হয়েছে, ওই নারীর বয়স যখন ১৩ বছর, তখন তাকে তার এক প্রতিবেশী যৌন নিপীড়ন করে। ওই প্রতিবেশী তাঁর কিছু ছবিও তোলে। পরে ১৬ বছর বয়সে ওই নারীকে আবার যৌন নিপীড়ন করে সে। একই সঙ্গে নিপীড়নের সময় ধারণ করা ভিডিও বেশ কয়েকজনের কাছে প্রকাশ করা হয়। পরে তারাও তাঁকে কয়েক বছর ধরে ধর্ষণ করে।

স্থানীয় শিশুকল্যাণ কমিটির (সিডব্লিউসি) প্রধান একজন আইনজীবী সংবাদমাধ্যম ইন্ডিয়ান এক্সপ্রেসকে বলেছেন, দলিত ওই কিশোরী একজন অ্যাথলেট ছিলেন। খেলাধুলা-সংক্রান্ত বিভিন্ন ক্যাম্পে অংশ নেওয়ার সময় ধর্ষণের শিকার হতে হয়েছে তাঁকে। গত পাঁচ বছরে তিনবার সংঘবদ্ধ ধর্ষণ করা হয়েছে বলে অভিযোগ করেছেন তিনি।

## আপাতকালীন পরিষেবা তালিকাসূচী

**Emergency Contacts**
Ambulance - 102
Ambulance (Randhumahal Club) - 9735697689
Child Line – 112
Canning PS - 03218-255221
FIRE - 9064495235

**Contacts of Hospital, Nursing Home & Doctors**
Canning S.D Hospital - 03218-255352
Dipanjan Nursing Home - 03218-255691
Green View Nursing Home - 03218-255550
A.K.Moolal Nursing Home - 03218-315247
Binapani Nursing Home - 9732545652
Nazat Nursing Home, Taldi - 9143032199
Welcome Nursing Home - 9733593488
Dr. Bikash Sapui - 03218-255269
Dr. Biren Mondal - 03218-255247
Dr Arun Dulal Paul - 03218 - (Cham) 253219
(Re) 255548
Dr. Phani Bhusan Das - 03218 - 255364,
(Cham) 255264
Dr. A.K. Bhartacherjee - 03218-255518
Dr. Lokenath Sa - 03218-255660

**Administrative Contacts**
SP Office - 033-24330010
SDO Office - 03218-255340
SDPO Office - 03218-285398
BDO Office - 03218-255205

**Contacts of Railway Stations & Banks**
Canning Railway Station - 03218-255275
SBI (Canning Town) - 03218-255216,255218
PNB (Canning Town) - 03218-255231
Mahila Co-operative Bank - 03218-255134
WB State Co-operative - 03218-255239
Bandhan Bank - Mob. No. 7596012991
Axix Bank - 03218-255352
Bank of Boroda, Canning - 03218-257888
ICICI Bank, Canning - 03218-255206
HDFC Bank, Canning Hos. More - 9088107808
Bank of India, Canning - 03218 - 245091

## রাত্রিকালীন ঔষধ পরিষেবার তালিকাসূচী (ক্যানিং)

প্রতি মাসের এই তারিখে এই সমস্ত দোকান খোলা থাকবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 02 ভারত মেডিকেল হল | 03 সপ্না মেডিকেল হল | 04 ভারত মেডিক্যাল হল | 05 ঘোষ মেডিকেল | 06 ঔষধ ঘর |
| 07 আরোগ্য মেডিক্যাল | 08 মেডিকেয়ার ফার্মেসী | 09 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 10 জীবন জ্যোতি ফার্মেসী | 11 সিনহা মেডিকেল হল | 12 গোকুল ফার্মেসী |
| 13 ঔষধ ঘর | 14 সৌভিক ফার্মেসি | 15 নির্মলা মেডিকেল হল | 16 মাতৃ ফার্মেসী | 17 ইউনিক ফার্মেসী | 18 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি |
| 19 ঘোষ মেডিকেল | 20 সৌভিক ফার্মেসি | 21 আরোগ্য মেডিকেল | 22 মেডিকেয়ার ফার্মেসী | 23 শোভা মেডিকেল হল | 24 প্রমিলা মেডিকেল কর্নার |
| 25 সিনহা মেডিকেল হল | 26 ঘোষ মেডিকেল | 27 মাতৃ ফার্মেসী | 28 সৌভিক ফার্মেসি | 29 নির্মলা মেডিকেল হল | 30 মাতৃ ফার্মেসী |



# মহাকুম্ভ নিয়ে সবচেয়ে বেশি সার্চ পাকিস্তানে!



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

**লখনউ:** উত্তরপ্রদেশের প্রয়াগরাজে শুরু হয়েছে মহাকুম্ভ। ৫০ লক্ষেরও বেশি পুণ্যার্থী ত্রিবেণী সঙ্গমে স্নান করেছেন। কেবল ভারতীয়রাই নয়, গোটা বিশ্বের বিভিন্ন প্রান্ত থেকে মানুষ জড়ো হয়েছেন মহাকুম্ভে। ব্রাজিল, জার্মানি, জাপান, ইংল্যান্ড, আমেরিকা, স্পেন- নানা দেশ থেকে আসছেন পুণ্যার্থীরা।কোটি পুণ্যার্থীর জন্য গড়ে তোলা হচ্ছে এক অস্থায়ী নগরী। ১৫ বর্গমাইল এলাকায় গড়ে তোলা সেই অস্থায়ী নগরীর আয়তন নিউইয়র্ক নগরের ম্যানহাটান বরো এলাকার দুই-তৃতীয়াংশ। ১৩ জানুয়ারি থেকে ২৬ ফেব্রুয়ারি পর্যন্ত চলবে ভারতে হিন্দু পুণ্যার্থীদের সবচেয়ে বড় সমাবেশ। মহাকুম্ভের আয়োজনে কোনও ত্রুটি রাখেননি সেরাজ্যের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ। নিরাপত্তার চাদরে মুড়ে ফেলা হয়েছে গোটা মেলা প্রাঙ্গন। সাধু-সন্ত, পুণ্যার্থীদের সুরক্ষায় ব্যস্ত কুম্ভের দায়িত্বপ্রাপ্ত পুলিশ আধিকারিকরা। দিনরাত অক্লান্ত পরিশ্রম করছেন তাঁরা। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ও মুখ্যমন্ত্রী যোগীর অনুপ্রেরণায় তাঁদের এই কাজ প্রশংসিত হচ্ছে বিশ্বে।কিন্তু সবচেয়ে আশ্চর্যের হল, ট্রেন্ডিং সার্চ টপিকের নিরিখে যে দেশ থেকে সবচেয়ে বেশি সার্চ হচ্ছে সেটি পাকিস্তান!

কেবলই পাকিস্তানই নয়, তালিকায় উপরের দিকেই থাকবে কাতার, সংযুক্ত আরব আমিরশাহী, বাহরিন! একই ভাবে নেপাল, সিঙ্গাপুর, কানাডা, আয়ারল্যান্ড, ব্রিটেন, থাইল্যান্ড ও মার্কিন নাগরিকরাও প্রচুর পরিমাণে সার্চ করছেন। যা থেকে পরিষ্কার, সারা পৃথিবীতেই বাড়ছে কুম্ভমেলা নিয়ে আগ্রহ।

মহাকুম্ভ ওয়েবসাইট প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এবং যোগী আদিত্যনাথের ডিজিটাল মেলার ভাবনাকে সার্থক করেছে। ওয়েবসাইটটি হল https://kumbh.gov.in/। মহাকুম্ভ ২০২৫ সংক্রান্ত যে কোনও ধরনের তথ্য রয়েছে এখানে। যেখানে প্রতিদিন গোটা বিশ্বের লক্ষ লক্ষ মানুষ বিভিন্ন ধরনের তথ্য সার্চ করতে ঢুকছেন। ওয়েবসাইটের দেখভাল করা প্রযুক্তিকর্মীরা জানিয়েছেন, ৪ জানুয়ারি পর্যন্ত ১৮৩টি দেশের ৬২০০ শহরের ৩৩ লক্ষ মানুষ মেলা সম্পর্কে খোঁজ নিয়েছেন।

## ভারতীয় নৌ-সেনার বিমান স্টেশন 'আইএনএস রাজলী' পরিদর্শন প্রতিরক্ষা সচিবের

**নয়াদিল্লি, ১৪ জানুয়ারি, ২০২৫**

১৩ জানুয়ারি, ২০২৩-এ তামিলনাড়ুর আরক্কোনামের কাছে ভারতীয় নৌ-সেনার বিমান স্টেশন 'আইএনএস রাজলী' পরিদর্শন করেন প্রতিরক্ষা সচিব শ্রী রাজেশ কুমার সিং। তাঁকে এই বিমান স্টেশনের কর্মকাণ্ড সম্পর্কে অবহিত করা হয়। সেইসঙ্গে, এখানকার অত্যাধুনিক পরিকাঠামো এবং সামুদ্রিক নজরদারির কৌশলগত গুরুত্ব তাঁর কাছে তুলে ধরা হয়।

'আইএনএস রাজলী'র কমান্ডিং অফিসার কমোডর কপিল মেহতা ভারত মহাসাগর অঞ্চলে সামুদ্রিক নিরাপত্তার ক্ষেত্রে এই বিমান স্টেশনের ভূমিকার কথা প্রতিরক্ষা সচিবের কাছে তুলে ধরেন। সেইসঙ্গে, যে কোনও ধরনের পরিস্থিতির মোকাবিলায় নৌ-সেনার প্রস্তুতি সম্পর্কে তাঁকে জানান।

## আরও তীব্র হওয়ার আশঙ্কা ক্যালিফোর্নিয়ার দাবানল



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

যুক্তরাষ্ট্রের ক্যালিফোর্নিয়ার দাবানল আরও তীব্র হওয়ার আশঙ্কা প্রকাশ করেছে সেখানকার আবহাওয়া দফতর। আরও বাতাসের গতিবেগ বৃদ্ধির কারণে এই দাবানল আরও ভয়ঙ্কর রূপ নিতে পারে বলে পূর্বাভাসে জানিয়েছে সংস্থাটি। ইতোমধ্যে দক্ষিণ ক্যালিফোর্নিয়ার কিছু অংশে বিরল 'বিশেষ বিপজ্জনক পরিস্থিতি' দেখা দিয়েছে। কর্তৃপক্ষ ওই এলাকায় 'রেড ফ্ল্যাগ' সতর্কতা জারি করেছে।

মঙ্গলবার ভোরে লস অ্যাঞ্জেলেসের জাতীয় আবহাওয়া পরিষেবা সতর্ক করে দিয়ে বলেছে, "আজকের বাতাস ইতোমধ্যেই তীব্র হতে শুরু করেছে এবং মধ্যরাত পর্যন্ত তা অব্যাহত থাকবে।"

আবহাওয়া দফতর জানিয়েছে, মঙ্গলবার ভোরে সান গ্যাব্রিয়েল এবং সান্তা সুজানা পর্বতমালায় ঘণ্টায় ৪০ থেকে ৫০ মাইল বেগে শক্তিশালী ঝড়ো হাওয়া শুরু হয়েছিল এবং এটি আরও বিস্তৃত হয়ে সকালে উপত্যকা ও উপকূলীয় অঞ্চলে ছড়িয়ে পড়বে। ভূপ্রকৃতির ওপর নির্ভর করে মঙ্গলবার থেকে বুধবার পর্যন্ত ভেনচুরা ও লস অ্যাঞ্জেলেস কাউন্টিতে সর্বোচ্চ ঝড়ো হাওয়া বয়ে যাবে। পাহাড়ি অঞ্চলে ঘণ্টায় ৭০ মাইল বেগে বাতাস বইতে পারে এবং কিছু উপত্যকা ও উপকূলীয় স্থানে ৬০ মাইল বেগে ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে।

এদিকে, স্থানীয় সময় মঙ্গলবার সকাল পর্যন্ত লস অ্যাঞ্জেলেস কাউন্টির ছয়টি প্রধান দাবানলের মধ্যে দুটি এখনও জ্বলছে। এর মধ্যে প্যালিসেডের আগুনে পুড়ে গেছে ২৩ হাজার ৭১৩ একর জমি এবং পুড়ে গেছে, ইটনে দাবানলে পুড়ে গেছে ১৪ হাজার ১১৭ একর জমি।

সর্বশেষ প্রাপ্ত তথ্যানুযায়ী, লস অ্যাঞ্জেলসে দাবানলের কারণে কমপক্ষে ২৪ জন মারা গেছে। এর মধ্যে ইটনে ১৬ জন এবং প্যালিসেডে আটজন মারা গেছে। দুটি এলাকায় আরও ২৩ জন নিখোঁজ হওয়ার খবর পাওয়া গেছে। মৃতের সংখ্যা আরও বাড়তে পারে বলে কর্মকর্তারা সতর্ক করে জানিয়েছেন।

## ২০২৪-এর এপ্রিল-অক্টোবর সময়কালে কয়লা আমদানি ৩.১ শতাংশ কমেছে

**নয়াদিল্লি, ১৪ জানুয়ারি, ২০২৫**

ভারতের দ্রুত বিকাশশীল অর্থনীতিতে কয়লা ক্ষেত্রের বিশেষ ভূমিকা রয়েছে। কিন্তু, অভ্যন্তরীণ উৎপাদন চাহিদা মেটানোর পক্ষে যথেষ্ট নয়। অথচ, ইস্পাত উৎপাদন সহ বিভিন্ন ক্ষেত্রে কাজ এগিয়ে নিয়ে যেতে কয়লা আমদানি জরুরি।

কয়লা আমদানি কমানোয় সরকারের প্রচেষ্টার সুফল মিলেছে ২০২৪-২৫ অর্থবর্ষের প্রথম সাত মাসে। গত বছর এপ্রিল-অক্টোবর সময়কালে কয়লা আমদানি ৩.১ শতাংশ হ্রাস পেয়ে ১৫৪.১৭ মিলিয়ন টনের জায়গায় দাঁড়িয়েছে ১৪৯.৩৯ মিলিয়ন টন। কয়লা-ভিত্তিক বিদ্যুৎ উৎপাদন ৩.৮ শতাংশ বাড়লেও তাপবিদ্যুৎ কেন্দ্রগুলিতে ব্যবহারে ব্লেন্ডিং-এর জন্য কয়লা আমদানির ক্ষেত্রে হ্রাসের অনুপাত ১৯.৫ শতাংশ।

এই সময়কালে দেশে কয়লা উৎপাদন ৬.০৪ শতাংশ বৃদ্ধি পেয়ে দাঁড়িয়েছে ৫৩৭.৫৭ মিলিয়ন টনে। অভ্যন্তরীণ কয়লা উৎপাদন বাড়াতে একের পর এক পদক্ষেপ নিয়ে চলেছে কেন্দ্রীয় সরকার।

# সিনেমার খবর

## 'জাঞ্জির' সিনেমার রিমেক নিয়ে এখনো পস্তান রামচরণ



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

মুক্তির অপেক্ষায় গেমচেঞ্জার। এক সাক্ষাৎকারে সিনেমার প্রোমোশনে এসে ১২ বছর পর অমিতাভ বচ্চনের 'জাঞ্জির' সিনেমার রিমেক নিয়ে অনুশোচনা করেন রামচরণ। বলিউড সিনেমার রিমেকে কাজ করা ক্যারিয়ার সবচেয়ে বড় ভুল সিদ্ধান্ত বলে স্বীকারোক্তি রামচরণের। তার ওপর আবার অমিতাভ বচ্চনের চরিত্র পর্দায় ফুটিয়ে তোলা মুখের কথা নয় বলেও এক সাক্ষাৎকারে জানালেন দক্ষিণী অভিনেতা।

আগামী ১০ জানুয়ারি মুক্তি পাচ্ছে রামচরণ ও কিয়ারা আদভানি অভিনীত 'গেমচেঞ্জার'। সম্প্রতি সিনেমার প্রমোশন নিয়ে ব্যস্ত আছেন অভিনেতা। এরমধ্যে এক সাক্ষাৎকারে সিনেমার এক গুরুত্বপূর্ণ মুহূর্ত নিয়ে কথা বলেন রামচরণ।


নন্দামুরি বালাকৃষ্ণার টক শোতে সিনেমার প্রমোশনের জন্য উপস্থিত হন দক্ষিণী অভিনেতা। সেখানেই তিনি জানান, মেগাস্টার অমিতাভ বচ্চনের ব্লকবাস্টার হিট ছবি জাঞ্জিরের রিমেকে কাজ করার সিদ্ধান্ত ভুল ছিল। যার জন্য আজও অনুশোচনা করেন বলে জানান অভিনেতা। সেই সিনেমা ঘিরে দর্শকদের অনেক প্রত্যাশা ছিল। কিন্তু সিনেমা পর্দায় সেই প্রত্যাশা পূরণে ব্যর্থ হয় সিনেমার টিম। যে কারণে প্রায় ভেঙে পড়েছিলেন এই অভিনেতা। কারণ শোনা যায়, এই সিনেমার প্রস্তাব গিয়েছিল অভিষেক বচ্চনের কাছে। কিন্তু তিনি না করে দেন।

১৯৭৩ সালের ক্লাসিক সিনেমা জাঞ্জিরে অমিতাভকে দেখা যায় অকুতোভয় পুলিশ অফিসারের চরিত্রে। আজও সিনেমার ছবির সংলাপ, দৃশ্য মনে রেখেছেন দর্শক। সেই গল্পকেই একটু অন্যরকমভাবে সাজিয়ে দর্শকদের সামনে আনা হয় ২০১৩ সালে। হিন্দির দর্শক রামচরণকে প্রথমবার অন্যরূপে দেখল, কিন্তু গ্রহণ করতে পারল না। রামচরণ-প্রিয়াঙ্কা ছাড়াও সিনেমায় গুরুত্বপূর্ণ চরিত্রে দেখা যায় সঞ্জয় দত্ত, শ্রীহরি, প্রকাশ রাজ, অতুল কুলকার্নিকে। বক্স অফিসে চরম ব্যর্থ হয় এই সিনেমা।

আবারও রামচরণকে দেখা যাবে পুলিশ অফিসারের ভূমিকা। শঙ্কর পরিচালিত সিনেমায় দ্বৈত ভূমিকায় মাঠে নামছেন রামচরণ।

## 'আশিকি-৩' থেকে বাদ তৃপ্তি

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন



২০১৩ সালে এপ্রিল মাসে মুক্তি পেয়েছিল মোহিত সুরি পরিচালিত ছবি 'আশিকি-২'। তারপরে কেটে গিয়েছে এক দশক। বছর দশেক পরে 'আশিকি' ফ্র্যাঞ্চাইজির তৃতীয় ছবি নিয়ে শুরু হয়েছে চর্চা। 'আশিকি-৩' ছবিতে মুখ্য চরিত্রে দেখা যেতে চলেছে অভিনেতা কার্তিক আরিয়ানকে। বিপরীতে থাকার কথা ছিল তৃপ্তি দিমরি। হ্যাঁ, কথা ছিল। জোর খবর, অনুরাগ বসু পরিচালিত 'আশিকি-৩' থেকে বাদ পড়েছেন অভিনেত্রী!

নির্মাতা ঘনিষ্ঠ এক সূত্র জানিয়েছে, 'আশিকি' ফ্র্যাঞ্চাইজির প্রতিটি প্রধান নায়িকার মুখে এক অদ্ভুত সারল্য দেখা গেছে। ছবির গল্প, সুরের পাশাপাশি সেটাও ছবির অন্যতম হাতিয়ার হিসাবে কাজ করেছে। তৃপ্তির চোখে-মুখেও সেই সারল্য রয়েছে।

তবে গত দু'বছরে একের পর এক ছবিতে সাহসী দৃশ্যে অভিনয় করেছেন তৃপ্তি। তাই তাকে সহজ-সরল নায়িকার চরিত্রে দর্শক গ্রহণ করবে না বলে মনে করছেন নির্মাতারা। নায়িকার কাজ হাতছাড়া হল, শুধু তা-ই নয়, আপাতত অনির্দিষ্টকালের জন্য বন্ধ রাখা হচ্ছে ছবির কাজ।

বলিপাড়ায় কান পাতলে শোনা যাচ্ছে অনুরাগ বসু নাকি আপাতত এই কাজ সাময়িক বন্ধ রাখছেন। আগামী ফেব্রুয়ারির শেষে নাকি শুরু হতে পারে 'আশিকি-৩'র কাজ। আবার এও শোনা যাচ্ছে, অনুরাগ নাকি অন্য ছবি নিয়ে ব্যস্ত হয়ে পড়েছেন ইতিমধ্যে। অবশ্য 'আশিকি-৩'র নির্মাতাদের তরফে এখনো এই ছবি নিয়ে কোনো আনুষ্ঠানিক বিবৃতি দেয়া হয়নি।

## প্রিয়াঙ্কার যে ভিডিও ভাইরাল



প্রিয়াঙ্কা চোপড়া

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

সারা বছর কাজ করে বছরশেষে একটু বেড়াতে গিয়েছিলেন বলিউড অভিনেত্রী প্রিয়াঙ্কা চোপড়া। আর কাজে ফিরতেই মন চাইছে না তার! তেমনই জানালেন ভক্তদের। গত এক বছর অভিনেত্রী ব্যস্ত ছিলেন নানা কাজে। দীর্ঘ দিন বিদেশে শুটিং করছিলেন 'সিটাডেল'-এর পরবর্তী পর্বের। সঙ্গে নিয়ে গিয়েছিলেন মেয়ে মালতী মেরি চোপড়া জোনাসকে।

সে কাজ অবশ্য শেষ হয়েছে গত বছর। বছর শেষে সপরিবার বেড়াতে গিয়েছিলেন লম্বা ছুটিতে। নতুন বছরের শুভেচ্ছা-সহ একগুচ্ছ ছবি ও ভিডিও শেয়ার করেছিলেন ইনস্টাগ্রামে। কোনোটিতে নিজের অবসর যাপনের ছবি, কোনোটিতে স্বামী নিক জোনাসের সঙ্গে বিশেষ মুহূর্ত, কোথাও মেয়ের কার্টুন দেখার ভিডিও। ভক্তরাও খুশি প্রিয়াঙ্কার দারুণ সব ছবি দেখে।

কিন্তু এবার কাজে ফেরার পালা! ৬ জানুয়ারি প্রিয়ঙ্কা ইনস্টাগ্রাম স্টোরিতে শেয়ার করেছেন একটি ছোট্ট ভিডিও। সেই রিলে দেখানো হয়েছে 'লর্ড অফ রিংস'-এর 'গ্যানডলফ' বলছে, এখানকার কিছুই আমার আর মনে নেই। রিলের ভেতরে লেখা, 'ছুটি কাটিয়ে কাজে ফিরতে চলেছি'। এরপর মুহূর্তের মধ্যেই ভিডিওটি ভাইরাল হয়ে যায়।

বোঝাই যাচ্ছে, অবসরযাপনে এমন নিমগ্ন ছিলেন প্রিয়াঙ্কা, যে ভুলেই গিয়েছেন কোনো কোনো কাজ করতে হবে তাকে। এ হলো এক ধরনের মানসিক অবস্থা। যেখানে সত্যিই আর কাজে ফিরতে ইচ্ছে করে না। প্রিয়াঙ্কাও ভুগছেন সেই সমস্যায়। লড়াই করছেন মনের সঙ্গে। কারণ নতুন বছরে নতুন কাজ তাকে করতেই হবে।

২০২৪ সালে অনেক কাজ করেছেন প্রিয়াঙ্কা। 'দ্য ব্লাফ' এবং 'সিটাডেল'-এর শুটিং শেষ করেছেন। মনে করা হচ্ছে নতুন বছরেই বলিউডে ফিরছেন নায়িকা। সম্প্রতি জানা গেছে, এসএস রাজামৌলির সঙ্গে মহেশবাবুর বিপরীতে একটি ছবিতে দেখা যেতে পারে প্রিয়ঙ্কাকে। ছবিটি জঙ্গল অভিযান সংক্রান্ত হতে পারে বলে শোনা যাচ্ছে।

# ডিসেম্বরের সেরার লড়াইয়ে পেসারদের দাপট



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

বোর্ডার-গাভাস্কার ট্রফিতে বল হাতে দুর্দান্ত পারফরম্যান্সে ফের 'আইসিসি প্লেয়ার অব দা মান্থ' এর সংক্ষিপ্ত তালিকায় জায়গা করে নিয়েছেন জাসপ্রিত বুমরাহ। ডিসেম্বরের সেরার লড়াইয়ে ভারতীয় পেসারের সঙ্গী অস্ট্রেলিয়া অধিনায়ক প্যাট কামিন্স ও দক্ষিণ আফ্রিকার পেসার ড্যান প্যাটারসন।

গত মাসের সেরার লড়াইয়ে মনোনীত পুরুষ ও নারী ক্রিকেটারদের নাম প্রকাশ করে আইসিসি। মেয়েদের সংক্ষিপ্ত তালিকায় আছেন ভারতের ব্যাটার স্মৃতি মান্ধানা, দক্ষিণ আফ্রিকার স্পিনার ননকুলুলেকো এমলাবা ও অস্ট্রেলিয়ার অলরাউন্ডার অ্যানাবেল সাদারল্যান্ড।

জাসপ্রিত বুমরাহ (ভারত) : ডিসেম্বরে ৩ টেস্টে ১৪.২২ গড়ে বুমরাহ উইকেট নেন ২২টি। অ্যাডিলেইড টেস্টে প্রথম ইনিংসে ৬১ রানে নেন ৪ উইকেট। ব্রিজবেনে প্রথম ইনিংসে ৭৬ রানে ৬টির পর দ্বিতীয় ইনিংসে ১৮ রানে নেন ৩টি। এরপর মেলবোর্নে প্রথম ইনিংসে ৪ উইকেট নেন ৯৯ রানে, দ্বিতীয় ইনিংসে ৫৭ রানে ৫টি। এতে টেস্ট বোলারদের র‍্যাঙ্কিংয়ে ভারতের ক্রিকেটারদের মধ্যে সবচেয়ে বেশি রেটিং পয়েন্ট অর্জনের কীর্তি গড়েন তিনি। নভেম্বর মাসের সংক্ষিপ্ত তালিকায় থাকলেও শেষ পর্যন্ত সেরার স্বীকৃতি যদিও তিনি পাননি।

প্যাট কামিন্স (অস্ট্রেলিয়া) : গত মাসে ৩ টেস্টে ১৭.৬৪ গড়ে কামিন্স নেন ১৭ উইকেট। অ্যাডিলেইডে ইনিংসে পাঁচটিসহ ম্যাচে উইকেট নেন ৭টি, ব্রিজবেনে ৪টি। আর মেলবোর্ন টেস্ট জয়ে তিনি আলো ছড়ান ব্যাটে-বলে। এই ম্যাচে বল হাতে নেন ৬ উইকেট। ব্যাটিংয়ে খেলেন ৪৯ ও ৪১ রানের কার্যকর দুটি ইনিংস।

ড্যান প্যাটারসন (দক্ষিণ আফ্রিকা) : ডিসেম্বরে ২ টেস্টে প্যাটারসন ১৩ উইকেট নেন ১৬.৯২ গড়ে। গেবেখায় শ্রীলঙ্কার বিপক্ষে ইনিংসে পাঁচটিসহ ম্যাচে নেন ৭ উইকেট। সেঞ্চুরিয়নে পাকিস্তানের বিপক্ষে প্রথম টেস্টে ইনিংসে পাঁচটিসহ ম্যাচে শিকার ধরেন মোট ৬টি। দুই ম্যাচই জিতে প্রথমবারের মতো টেস্ট চ্যাম্পিয়নশিপের ফাইনালে জায়গা করে নেয় দক্ষিণ আফ্রিকা। প্রথমবারের মতো মাস সেরার সংক্ষিপ্ত তালিকায় জায়গা পেয়েছেন ৩৫ বছর বয়সী এই পেসার।

## জুনে 'হোম অ্যান্ড অ্যাওয়ে' পদ্ধতিতে হবে সাফ চ্যাম্পিয়নশিপ



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

এ বছর 'হোম অ্যান্ড অ্যাওয়ে' পদ্ধতিতে সাফ চ্যাম্পিয়নশিপ আয়োজনের সিদ্ধান্ত নিয়েছে দক্ষিণ এশীয় ফুটবল ফেডারেশন (সাফ)। আজ বুধবার নেপালের কাঠমান্ডুতে সাফের নির্বাহী কমিটির সভায় এ সিদ্ধান্ত হয়। সভায় সভাপতিত্ব করেন সাফের সভাপতি কাজী সালাহউদ্দিন।

সভায় আগামী ১৫ জুন থেকে ৫ জুলাই সাফ চ্যাম্পিয়নশিপ আয়োজনের তারিখ নির্ধারণ করা হয়েছে। টুর্নামেন্টটি 'হোম অ্যান্ড অ্যাওয়ে' পদ্ধতিতে আয়োজনের সিদ্ধান্ত হলেও এ নিয়ে সব সদস্যদেশের সঙ্গে আলোচনা করা হবে। কোনো সমস্যা দেখা দিলে তখন নির্দিষ্ট একটি ভেন্যুতেই আয়োজন করা হবে পুরো টুর্নামেন্ট।

এ ব্যাপারে সাফের সাধারণ সম্পাদক আনোয়ারুল হক হেলাল বলেন, 'এবারের সাফ ১৫ জুন থেকে ৫ জুলাই হোম অ্যান্ড অ্যাওয়ে ভিত্তিতে আয়োজনের নীতিগত সিদ্ধান্ত হয়েছে। আমরা শিগগিরই সব সদস্যদেশের ফেডারেশনের সাধারণ সম্পাদকদের চিঠি দেব। এ নিয়ে সব দেশের সঙ্গে আলোচনা করব। সমস্যা হলে নির্দিষ্ট ভেন্যুতে সাফ হবে। তবে আমাদের লক্ষ্য হোম অ্যান্ড অ্যাওয়ে পদ্ধতিতে টুর্নামেন্টটি আয়োজনের।'

সভায় সাফ ক্লাব চ্যাম্পিয়নশিপ আয়োজনেরও সিদ্ধান্ত হয়েছে। পুরুষ ও নারী দুই বিভাগেই সাফ ক্লাব চ্যাম্পিয়নশিপ আগামী ২০২৬ সাল থেকে শুরু হবে। ২০৩০ সাল পর্যন্ত প্রতিবছরই এ টুর্নামেন্টটি আয়োজন করতে চায় সাফ। ৮টি ক্লাব নিয়ে হবে সাফ ক্লাব চ্যাম্পিয়নশিপ। র‍্যাঙ্কিংয়ের শীর্ষ সাফ সদস্যদেশের দুটি ক্লাব খেলবে এতে, বাকি ৬ দেশ পাবে একটি করে স্লট। এ টুর্নামেন্টও হবে হোম অ্যান্ড অ্যাওয়ে পদ্ধতিতে।

## অবসর নিলেন ওয়ানডে বিশ্বকাপের সর্বোচ্চ ইনিংসের মালিক গাপটিল



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

অবসরের ঘোষনা দিলেন ওয়ানডে বিশ্বকাপের সর্বোচ্চ ইনিংসের মালিক মার্টিন গাপটিল।

বুধবার দীর্ঘ ১৪ বছরের আন্তর্জাতিক ক্যারিয়ারের ইতি টানার ঘোষণা দেন নিউজিল্যান্ডের সদ্য সাবেক ওপেনার।

বিদায়বেলা আবেগতাড়িত হয়েছেন গাপটিল। দেশের হয়ে খেলাটা যে তার স্বপ্ন ছিল তা জানিয়ে ৩৮ বছর বয়সী ব্যাটার বলেছেন, "শৈশব থেকেই নিউজিল্যান্ডের হয়ে খেলা আমার স্বপ্ন ছিল। আমি সত্যি ভাগ্যবান যে দেশের হয়ে সব মিলিয়ে ৩৬৭ ম্যাচ খেলতে পেরেছি। সতীর্থদের সঙ্গে যে সব স্মৃতি জমিয়েছি তা সারা জীবন মনের মধ্যে সতেজ থাকবে। সতীর্থ এবং কোচিং স্টাফদের ধন্যবাদ জানাতে চাই।" নিউজিল্যান্ডের হয়ে সর্বশেষ ২০২২ সালে বাংলাদেশের বিপক্ষে টি-টোয়েন্টি ম্যাচ খেলেছেন গাপটিল।

এরপর আর কোনও সংস্করণে ম্যাচ খেলার সুযোগ পাননি তিনি। ২০০৯ সালে ওয়ানডে দিয়ে অভিষেক হওয়া ওপেনার বিদায় নিচ্ছেন দলের হয়ে টি-টোয়েন্টিতে সর্বোচ্চ এবং ওয়ানডেতে তৃতীয় সর্বোচ্চ রানসংগ্রাহক হিসেবে।

সংক্ষিপ্ত সংস্করণের ক্যারিয়ারে ১২২ ম্যাচে ২ সেঞ্চুরিতে রান করেছেন ৩৫৩১ রান। আর ওয়ানডেতে ১৮ সেঞ্চুরিতে করেছেন ৭৩৪৬ রান।

ম্যাচ খেলেছেন ১৯৮টি। ওয়ানডে বিশ্বকাপের সর্বোচ্চ ইনিংসটি তারই। ২০১৫ বিশ্বকাপে ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে ২৩৭ রানের অপরাজিত ইনিংস খেলেন তিনি। অন্যদিকে দীর্ঘ সংস্করণে ৪৭ টেস্টে রান করেছেন ২৫৮৬। সেঞ্চুরি ৩টি।

তবে ঘরোয়া ও ফ্র্যাঞ্চাইজি ক্রিকেট আরও কিছুদিন খেলবেন তিনি।

● স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১
● Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O . : Uttar Moukhali,P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329 and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR